গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

নম্বর: ২৬.০৪.০০০০.১১১.১৭.০২৭.২২.৯৪১ তারিখ: ১৬ আগস্ট ২০২২

# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি
## বিভিন্ন অপরাধে ১৪৩টি প্রতিষ্ঠানকে ১১.০৫ লক্ষ টাকা জরিমানা

**১৬ আগস্ট ২০২২ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৫৩ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগরসহ দেশের ৪৯টি জেলায় বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়।

ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী ঢাকা মহানগরের রায়ের বাজার, মোহাম্মদপুর কৃষি মার্কেট ও কামরাঙ্গীর চরসহ দেশব্যাপী মোট **৫৮টি** বাজার ও বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে পরিচালিত তদারকি কার্যক্রমের মাধ্যমে ভোক্তা-স্বার্থ বিরোধী বিভিন্ন অপরাধে **১৩০টি** প্রতিষ্ঠানকে **১০,৪২,৫০০/- (দশ লক্ষ বিয়াল্লিশ হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভোক্তা ও ব্যবসায়ীবৃন্দের মধ্যে লিফলেট, প্যাম্ফলেট বিতরণসহ হ্যান্ডমাইকে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় পরামর্শ দেয়া হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **১৩টি** প্রতিষ্ঠানকে **৬৩,০০০/- (তেষট্টি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১৩ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১৫,৭৫০/- (পনেরো হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, স্বাস্থ্য বিভাগ, কৃষি বিভাগ, মৎস্য বিভাগ, কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) সহ সংশ্লিষ্ট শিল্প বণিক সমিতির প্রতিনিধিবৃন্দ অধিদপ্তর পরিচালিত এসকল বাজার অভিযানে সহযোগিতা প্রদান করেন।

উল্লেখ্য জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ অনুযায়ী ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে ভোক্তা-অধিকার সংরক্ষণ নিশ্চিতকরণসহ স্থিতিশীল বাজার ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন।

স্বাক্ষরিত/-
(তাহমিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোন: ০২-৮১৮৯৪১১
ই-মেইল: ad-operation@dncrp.gov.bd

বিতরণ:

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/ দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/দৈনিক ভোরের কাগজ/ দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকন্ঠ/দৈনিক আমাদের অর্থনীতি/দৈনিক বণিক বার্তা/ দৈনিক আমার কাগজ/সাপ্তাহিক কনজুমার ভয়েস/ দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): নোটিশ বোর্ডে প্রদর্শন/তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে প্রচারের অনুরোধসহ

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। সহকারী পরিচালক (প্রশাসন), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
১১। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।